



বাংলাদেশ কৃষি উন্নয়ন কর্পোরেশন (বিএডিসি)

কৃষি ভবন

৪৯-৫১, দিলকুশা বাণিজ্যিক এলাকা, ঢাকা ১০০০

(সংরক্ষণ শাখা, সার ব্যবস্থাপনা বিভাগ)

www.badc.gov.bd

স্মারক নং-১২.২৪৩.০০১.০১.০০.১৩১.২০১৪- (৫৫)

তারিখঃ ১৫ অক্টোবর ২০১৭ খ্রিঃ।

বরাবর

যুগ্ম পরিচালক (সার)

বিএডিসি, বরিশাল।

বিষয় বরিশাল অঞ্চলের ভোলা পিডিপি কমপ্লেক্সের অফিস বিল্ডিং ও ৪র্থ শ্রেণির কোয়ার্টারের ভাড়া পুনঃ নবায়ন প্রসঙ্গে।

সূত্রঃ আপনার দপ্তরের স্মারক নং-২১০ তারিখঃ ০৪/১০/২০১৭।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, বরিশাল অঞ্চলের ভোলা পিডিপি কমপ্লেক্সের অফিস বিল্ডিং ও ৪র্থ শ্রেণির কোয়ার্টারের সর্বশেষ মাসিক ভাড়া ২৯৮৮/- টাকার উপর প্রতি বছরান্তে ২০% ভাড়া বৃদ্ধি করে বর্তমান ভাড়াটিয়া জনাব মোঃ আবুল কালাম এর অনুকূলে ১ম বছরের মাসিক ভাড়া ৩,৫৮৬/- (তিন হাজার পাঁচশত ছিয়াশি) টাকা, ২য় বছরের মাসিক ভাড়া ৪,৩০৩/- (চার হাজার তিনশত তিন) টাকা নির্ধারণ করে ০১/০৮/২০১৭ তারিখ হতে ৩১/০৭/২০১৯ তারিখ পর্যন্ত ০২ (দুই) বছরের জন্য ভাড়া চুক্তি নবায়নের খসড়া আইন বিভাগ কর্তৃক যাচাই করা হয়েছে এবং সঠিক আছে বলে মতামত প্রদান করা হয়। দ্বি-পাক্ষিক ভাড়া নবায়ন চুক্তি সম্পাদনের লক্ষ্যে আগামী ২৬/১০/২০১৭ তারিখ রোজ বৃহস্পতিবার বেলা ৩.০০ ঘটিকায় সচিব, বিএডিসি, ঢাকা মহোদয়ের দপ্তরে উপস্থিত হয়ে চুক্তি সম্পাদনের জন্য অনুরোধ করা হলো।

(আশরাফ আলম)

মহাব্যবস্থাপক (সার ব্যবস্থাপনা)

বিএডিসি, ঢাকা।

ফোন: ৯৫৫ ৪০১৬

অনুলিপি জ্ঞাতার্থে ও কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- জনাব মোঃ আবুল কালাম, গ্রামঃ বড় চর শ্যামাইয়া, পোষ্টঃ ভোলা খেয়াঘাট, উপজেলাঃ ভোলা সদর, জেলাঃ ভোলা। (ভাড়াটিয়ার নামের সীল ও সাক্ষীসহ সচিব মহোদয়ের দপ্তরে নির্ধারিত সময়ে উপস্থিত হওয়ার জন্য অনুরোধ করা হলো।)
- সচিব মহোদয়ের সহকারী ব্যক্তিগত কর্মকর্তা, বিএডিসি, ঢাকা।
- উপ-সচিব (আইন), বিএডিসি, ঢাকা।
- প্রোগ্রামার (আইসিটি সেল), মনিটরিং বিভাগ, বিএডিসি, ঢাকা (ওয়েবসাইটে প্রচারের জন্য)।
- অফিস কপি।